অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ প্রবিধি অনুবিভাগ

প্রবিধি অনুবিভাগের সম্পাদিত কার্যাবলীর মধ্যে রয়েছে সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারিদের বিভিন্ন ভাতা নির্ধারণ/পুনর্বিবেচনা করা। ২০১৯-২০ অর্থবছরে এ অনুবিভাগের বিভিন্ন শাখায় সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপঃ

সম্মানী ভাতা প্রদান:

- সম্মানী ভাতা প্রদানে ঘটনাত্তোর অনুমতি প্রদান;
- ২০১৯-২০ অর্থবছরের সকল মন্ত্রণালয়/বিভাগের মধ্যমেয়াদী বাজেট কাঠামো প্রণয়নের সাথে সম্পৃক্ত উপসচিব এবং তদনিম্ন কর্মচারিদের মূল বেতনের সমপরিমাণ সম্মানী প্রদান;
- পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজের ২য় শিফট পরিচালনার সাথে সম্পৃক্ত শিক্ষক/কর্মচারীগণের জন্য গ্রেডভিত্তিক নির্ধারিত হারে মাসিক সম্মানী প্রদান;
- মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক জাতীয় সংসদে প্রদত্ত ভাষণের ইংরেজী ভার্সন প্রণয়নের জন্য সম্মানী প্রদানে সম্মতি জ্ঞাপন;
- দেওয়ানী আদালতের অবকাশকালীন ছুটি ভোগের পরিবর্তে অবকাশকালীন জজ হিসেবে দায়িত্ব পালনের জন্য সম্মানী প্রদান;
- সুপিরিয়র সিলেকশন বোর্ডের সদস্যগণকে সম্মানী প্রদান;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গঠিত বিভিন্ন কমিটি/উপকমিটির সভায় অংশগ্রহণকারী সদস্যগণকে সম্মানী প্রদান;
- আইনের খসড়া প্রণয়নের ক্ষেত্রে ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট অপরাপর আইনের সঙ্গে সামঞ্জস্য ও সংগতি বিধানের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত কমিটির সদস্যদের সম্মানী প্রদান;
- মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এর কর্মচারীদের অনুকূলে আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী মঞ্জুরি;
- মাননীয় প্রধানমন্ত্রীর সংসদের প্রশ্নোত্তর প্রণয়নের সাথে সম্পৃক্ত কাউন্সিল অফিসার ও সহায়ক কর্মচারীগণের অনুকূলে মূল বেতনের সমপরিমাণ সম্মানী প্রদান;
- জাতীয় চলচ্চিত্র নীতিমালা ২০১৭ এর আওতায় গঠিত “চলচ্চিত্র বিষয়ক জাতীয় পরামর্শক” কমিটির সম্মানী প্রদান; এবং
- ১০ম জাতীয় সংসদের ২১তম অধিবেশন (বাজেট) উপলক্ষে শ্রমসাধ্য কাজ সম্পাদনের জন্য সম্মানী প্রদান।

সম্মানী ভাতার হার নির্ধারণ ও পুন:নির্ধারণ:

- ন্যাশনাল ডিফেন্স কোর্সে (এনডিসি) অংশগ্রহণকারী কর্মকর্তাগণের প্রশিক্ষণ ভাতা এবং কিট এ্যালাউন্স পুন:নির্ধারণ;
- ২১ আগষ্ট গ্রেনেড হামলা মামলার পলাতক আসামীদের পক্ষে State Defence হিসেবে নিয়োগকৃত আইনজীবীদের ফি কর্মদিবস ভিত্তিক এর পরিবর্তে মামলা ভিত্তিক পুন:নির্ধারণ;
- সেমিনার/ওয়ার্কশপ বাস্তবায়নের নিমিত্ত সম্মানীর হার নির্ধারণে সম্মতি জ্ঞাপন;

- জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) কর্তৃক পরিচালিত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণের দৈনিক প্রশিক্ষণ ভাতার হার পুন:নির্ধারণ;
- ৮ম সংবাদপত্র মজুরি বোর্ড রোয়েদাদ বাস্তবায়ন সংক্রান্ত মনিটরিং টিমের সদস্যদের জন্য সম্মানী পুন:নির্ধারণ;
- সেমিনার/ওয়ার্কশপ বাস্তবায়নের নিমিত্ত সম্মানীর হার নির্ধারণে সম্মতি জ্ঞাপন;
- মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরে নিয়োগ/পদোন্নতি সংশ্লিষ্ট কাজের সম্মানী/পারিতোষিক হার পুন:নির্ধারণ;
- কপিরাইট বোর্ডের চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী পুন:নির্ধারণ;
- বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের কিট এ্যালাউন্স পুন:নির্ধারণ;
- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) এর বোর্ড অব ম্যানেজমেন্টের সদস্যদের সম্মানী পুন:নির্ধারণ;
- জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৭ ও ২০১৮ প্রদানের লক্ষ্যে গঠিত জুরি বোর্ডের সদস্যদের সম্মানী পুন:নির্ধারণ;
- জাতীয় আরকাইভস উপদেষ্টা পরিষদের সদস্যদের সম্মানী নির্ধারণ;
- জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) বোর্ড অব গভর্ণরস-এর চেয়ারম্যান ও সদস্যগণের সম্মানী পুন:নির্ধারণ;
- বাংলাদেশ জাতীয় জাদুঘর, বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি ও সদস্যদের সম্মানী পুন:নির্ধারণ;
- গণপূর্ত ট্রেনিং একাডেমি ও টেস্টিং ল্যাবরেটরী কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ব্যয় ও ভাতার হার পুন:নির্ধারণ;
- বিসিএস (কর) একাডেমি, ঢাকা কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অতিথি বক্তার সম্মানী এবং অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের দৈনিক ভাতা পুন:নির্ধারণ;
- মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কোর্সসমূহের অতিথি বক্তা সম্মানী এবং প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতার হার পুন:নির্ধারণ;
- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের আওতাধীন স্টিয়ারিং, টেকনিক্যাল ও মূল্যায়ন কমিটির সভাপতি এবং সদস্যগণের সম্মানীর হার পুন:নির্ধারণ;
- বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের পরীক্ষা পরিচালনার জন্য সম্মানী/পারিশ্রমিকের হার পুন:নির্ধারণ; এবং
- জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউটের (এনআইএলজি) বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীগণের দৈনিক প্রশিক্ষণ ভাতার পরিমাণ পুন:নির্ধারণ।

মতামত/সম্মতি প্রদান

- বিদেশে অবস্থিত মিশনসমূহের জন্য স্থানীয়ভিত্তিক কর্মচারী নিয়োগ এবং তাদের আর্থিক সুবিধাদি প্রাপ্যতা সংক্রান্ত খসড়া নীতিমালার উপর মতামত প্রদান;
- চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের বেতন ভাতা নির্ধারণ বিষয়ে মতামত প্রদান;
- বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় কোনো সরকারি কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৩ এর চূড়ান্ত সংশোধিত (২০১৯) খসড়া নীতিমালার বিষয়ে মতামত প্রদান;
- সরকারি মেডিকেল কলেজসমূহে কর্মরত বেসিক সাবজেক্টের শিক্ষকদের মাসিক প্রণোদনা ভাতা প্রদানে অর্থ বিভাগের সম্মতি প্রদান;
- গণযোগাযোগ অধিদপ্তরের বিভিন্ন অফিসে দৈনিক ভিত্তিক নিয়োজিত শ্রমিকদের মজুরির হার নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান;
- প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত/পদায়নকৃত বিসিএস (পুলিশ) ক্যাডারের কর্মকর্তাদের অনুকূলে প্রশিক্ষণভাতা ৩০ জুন, ২০১৫ তারিখে আহরিত মূল বেতনের ৩০% হারে অর্থ বিভাগের সম্মতি প্রদান;

- ব্যয়বহুল স্থান হিসেবে ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকার জন্য মাসিক বাড়ি ভাড়া ভাতার হার অন্যান্য স্থানের চেয়ে ৫% অধিক হারে এবং দৈনিক ভাতা সাধারণ হারের চেয়ে ৩০% অধিক হারে নির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান;
- সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং সরকারি হোমিপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল এর ইন্টার্নী ভাতা বিদ্যমান ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা হতে বৃদ্ধি করে ১০,০০০/- (দশ হাজার) টাকায় পুনঃনির্ধারণে অর্থ বিভাগের সম্মতি প্রদান;
- বাংলাদেশের বিমান বাহিনীর কর্মচারীদের পাবলিক ক্লোদিং, ক্যাডেটদের ইউনিফরম ও ক্লোদিং আইটেম এবং বিমান সেনাদের ক্লোদিং ও অন্যান্য দ্রব্যাদি সংক্রান্ত বিমান বাহিনীর নির্দেশিকা ০১/৮২ এবং ০২/৮২ সংশোধনে সম্মতি জ্ঞাপন;
- বাংলাদেশ সেনাবাহিনী বিমান (ব্যবহার ও নিয়ন্ত্রণ) প্রবিধানমালা-২০১৯ প্রণয়নে সংশোধিত খসড়া বিষয়ে সম্মতি জ্ঞাপন;
- জেএসআই -০১/২০১৬ তে নতুনভাবে প্রবর্তিত ফ্লাইট-ক্রুদের উড্ডয়ন বেতন প্রাপ্তির নিমিত্ত নীতিমালা প্রণয়নে সম্মতি জ্ঞাপন;
- কমান্ড/স্টাফ/চার্জ প্রশিক্ষক বেতন-প্রদান সংক্রান্ত Pay & Allowance Regulation, Volume-I এর বিধি-৩২ সি সংশোধনে সম্মতি জ্ঞাপন;
- বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত জেসিওগণের জন্য ব্যাজেজ অব র‍্যাংক এসএআই (বি)-১/এস/৮২-তে সংযোজনে সম্মতি জ্ঞাপন;
- সশস্ত্র বাহিনীর জুনিয়র কমিশন্ড অফিসার (জেসিও) ও সার্জেন্টগণের পদমর্যাদা উন্নতির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলকরণে সম্মতি জ্ঞাপন;
- ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ (ডিএসসিএসসি)- এর সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের জন্য পদ সৃজন ও পদ বিলুপ্তকরণে সম্মতি জ্ঞাপন;
- প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর সাংগঠনিক কাঠামো পুনর্গঠন বিষয়ে সম্মতি জ্ঞাপন;
- 'ইন এইড টু সিভিল পাওয়ার' এর আওতায় কক্সবাজার জেলায় বলপূর্বক বাস্তুচ্যুত মায়ানমার নাগরিকদের ক্যাম্প এলাকায় আইন-শৃংখলা পরিস্থিতি উন্নতিকল্পে মোতায়েনকৃত সেনাসদস্যদের মোতায়েনকালীন সময়ে ভাতাদি প্রদানের ক্ষেত্রে আর-৭৩ শিথিল সংক্রান্ত সম্মতি জ্ঞাপন; এবং
- সশস্ত্র বাহিনী বিভাগের ২০২০-২১ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং পরবর্তী দুই অর্থবছরের বাজেট প্রক্ষেপন প্রণয়ণ সংক্রান্ত সম্মানী ভাতা মঞ্জুরী প্রসংগে সম্মতি জ্ঞাপন।

অন্যান্য কার্যাবলী

অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগ কর্তৃক প্রণীত বেসামরিক সরকারি কর্মচারীদের পেনশন মঞ্জুরি ও পরিশোধ সংক্রান্ত বিধি/পদ্ধতি অধিকতর সহজীকরণ আদেশ, ২০০৯ দীর্ঘ প্রায় ১১ বছর পূর্বে জারি করা হয়। জারীকৃত এ আদেশটি যুগোপযোগী না হওয়ায় বিদ্যমান পেনশন পদ্ধতি অধিকতর সহজীকরণ ও আধুনিকীকরণের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক "**সরকারি কর্মচারীগণের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০**" জারিপূর্বক এটি পুস্তিকা আকারে প্রণয়ন করা হয়েছে। এ নতুন আদেশটি সরকারি প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনায় নিম্নোক্ত ইতিবাচক অবদান রাখবেঃ

- পেনশন পদ্ধতি আধুনিকীকরণ ও আরো সহজীকরণের ফলে প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনায় অধিক গতিশীলতা আসবে ও শৃঙ্খলা প্রতিষ্ঠিত হবে;

- সরকারি কর্মচারীগণের চাকরি সংক্রান্ত তথ্যাদির যথাযথ সংরক্ষণের অভাবে পূর্বে অবসরকালীন সুবিধাদি প্রদানে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হতো। নতুন আদেশে সরকারি কর্মচারীর ই-চাকরি বৃত্তান্ত সংরক্ষণের বাধ্যবাধকতা থাকায় চাকরিকালীন তথ্যের ঘাটতি পূরণপূর্বক অবসরকালীন সুবিধাদি প্রদানের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে এটি প্রশাসনিক কর্তৃপক্ষকে সহায়তা করবে;

- পূর্বে সরকারি কর্মচারীর মৃত্যুর পর সংশ্লিষ্ট বিধি-বিধানের সহজলভ্যতার অভাবে তার উত্তরাধিকার নির্ণয়ে প্রশাসনিক কর্তৃপক্ষ সমস্যার সম্মুখীন হতেন। নতুন আদেশে উত্তরাধিকার নির্ণয় সংক্রান্ত বিধি-বিধান সংযোজন করায় মৃত সরকারি কর্মচারীর উত্তরাধিকারী সহজে নির্ণয় সম্ভব হবে;

- কোন অবসরগমণকারী সরকারি কর্মচারীর বিরুদ্ধে অডিট আপত্তি থাকলে উক্ত অডিট আপত্তি যথাসময়ে নিষ্পত্তির অভাবে তার পেনশন প্রাপ্তিতে বিলম্ব ঘটতো এবং তিনি হয়রানীর শিকার হয়ে অবসরকালে মানবেতর জীবনযাপনে বাধ্য হতেন। নতুন পেনশন আদেশে অবসরগামী কর্মচারীগণের অনিষ্পন্ন অডিট আপত্তি (যদি থাকে) দ্রুত নিষ্পত্তির বিধান করায় অডিট আপত্তিতে জড়িত কর্মচারীগণের সহজে পেনশন প্রাপ্তির সুযোগ ঘটায় তাদের দুর্দশা লাঘব হবে; এবং

- পূর্বের পেনশন সহজীকরণ আদেশে পেনশন প্রক্রিয়ায় তথ্য প্রযুক্তি ব্যবহারের কোন সুযোগ ছিল না। নতুন আদেশে ই-চাকরি বৃত্তান্ত IBAS++ software এ অন্তর্ভুক্তকরণ এবং এলপিসি, লাম্পগ্রান্ট, আনুতোষিক ও মাসিক পেনশন অনলাইনে প্রেরণের ব্যবস্থা থাকায় এটি তথ্য প্রযুক্তির প্রসার ও ই-গভর্নেন্স প্রতিষ্ঠায় সহায়ক হবে এবং সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার নীতি বাস্তবায়নে অবদান রাখবে।